

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 21-12-2024**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ রাজ্যের সমবায় ব্যবস্থাকে আরো মজবুত করতে রাজ্য সরকার এবার জেলায় জেলায় অতিরিক্ত জেলাশাসক পদমর্যাদার একজন আধিকারিক নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে।

২/ স্বনির্ভর গোষ্ঠীগুলিকে আর্থিকভাবে আরও শক্তিশালী করে তুলতে রাজ্য সরকার অতিরিক্ত ১০ কোটি টাকা বরাদ্দ করেছে।

# বাংলার বাড়ি প্রকল্পে উপভোক্তাদের শৌচাগার তৈরীর জন্য আলাদা করে টাকা দেবে রাজ্য সরকার।

৩/ কলকাতা হাইকোর্টের স্থগিতাদেশের সময়সীমা পেরিয়ে যাওয়ায়, জলপাইগুড়ি সাকিট বেঞ্চ 'বঙ্গা ব্যান্ড প্রকল্প'র মধ্যে থাকা সমস্ত হোম স্টে, রিস্ট সহ ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার নির্দেশ দিয়েছে।

৪/ বিভিন্ন স্তরে শূন্যপদে সহকারি শিক্ষক নিয়োগের জন্যে রাজ্য মাদ্রাসা সার্ভিস আজ ফলাফল প্রকাশ করবে।

৫/ কলকাতা সহ রাজ্যের ১০ জেলায় আজ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দণ্ড।

৬/ বাংলা, বিজয় হাজারে ট্রফি একদিনের ক্রিকেট টুর্নামেন্টে আজ তাদের প্রথম ম্যাচে দিল্লির মুখোমুখি হবে।

\*\*\*\*\*

রাজ্যের সমবায় ব্যবস্থাকে আরো মজবুত করতে রাজ্য সরকার এবার জেলায় জেলায় অতিরিক্ত জেলাশাসক পদমর্যাদার একজন আধিকারিককে নিয়ে নিয়ে নিয়েছে। সমবায় দফতরের সঙ্গে সমন্বয় রেখে তাঁরা জেলায় জেলায় সারাবছর ধরে সমবায় ব্যবস্থাকে আরও জোরদার করবেন। প্রত্যেক মাসে সংশ্লিষ্ট জেলার সমবায়, তাদের মাধ্যমে দেওয়া ঝণ, ঝণের হার বৃদ্ধি, নতুন সদস্য প্রভৃতি বিষয়ে রিপোর্ট তৈরির দায়িত্বও থাকবে ওই আধিকারিকের উপর।

উল্লেখ্য, এতদিন সমবায়ের জন্য কোনো আধিকারিককে নির্দিষ্টভাবে দ্বায়িত্ব দেওয়া হত না। অনেক জেলাতেই নিচুতলার আধিকারিকরা এই কাজ সামলাতেন। এতে সমবায়ের কাজকর্ম পরিচালনার ক্ষেত্রে বেশ কিছু সমস্যা হচ্ছিল বলে প্রশাসনিক সূত্রে খবর। সেই জন্যই এবার একজন অতিরিক্ত জেলাশাসককে ওই কাজের দ্বায়িত্ব দেওয়ার নির্দেশ দেওয়া হল।

\*\*\*\*\*

স্বনির্ভর গোষ্ঠীগুলিকে আর্থিকভাবে আরও শক্তিশালী করে তুলতে রাজ্য সরকার অতিরিক্ত ১০ কোটি টাকা বরাদ্দ করেছে। ‘আনন্দধারা’ প্রকল্পের আওতায় এই বরাদ্দ করা হয়েছে। এই সিদ্ধান্তের ফলে ১২ লক্ষের বেশি স্বনির্ভর গোষ্ঠী ও তার সঙ্গে জড়িত ১ কোটি ২১ লক্ষ পরিবার উপকৃত হবেন।

প্রসঙ্গত, এর আগেই স্বনির্ভর গোষ্ঠীর জন্য অনুদান বাড়িয়েছে রাজ্য সরকার।

২০২১-২২ আর্থিক বছর থেকে এই অনুদানের পরিমাণ দ্বিগুণ বাড়িয়ে ৫০০ কোটি টাকা থেকে করা হয়েছে হাজার কোটি টাকা।

\*\*\*\*\*

বাংলার বাড়ি প্রকল্পের উপভোক্তাদের শৌচাগার তৈরির জন্য আলাদা করে টাকা দেবে রাজ্য সরকার। এই প্রকল্পে ১২ লক্ষ উপভোক্তাকে বাড়ি তৈরির প্রথম কিস্তির ৬০ হাজার টাকা করে দেওয়ার কাজ শুরু করেছে। এঁদের মধ্যে যাদের উপযুক্ত শৌচাগার নেই তাঁদের তা তৈরি করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে নবান্নে

প্রশাসনিক সূত্রে জানা গেছে। এজন্য তাঁদের দুই কিস্তিতে আরও ১২ হাজার টাকা করে দেওয়া হবে। তবে এই টাকার জন্য উপভোক্তাদের আলাদা করে আবেদন জানাতে হবে।

\*\*\*\*\*

আরো বেশি সংখ্যক দরিদ্র সাধারণ মানুষকে চিকিৎসা পরিষেবার আওতায় আনার লক্ষ্যে কলকাতা পুরসভা এলাকায় কুড়ি হাজার জন পিছু, একটি করে হেলথ সেন্টার তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে। পুর ভবনে গতকাল রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম সাংবাদিকদের বলেন, বেসরকারি চিকিৎসা বেশির ভাগ ক্ষেত্রেই গরিব মানুষের পক্ষে কঠিন হয়ে দাঁড়ায়। পরিকল্পনা অনুযায়ী জায়গা পাওয়া গেলে এই ধরনের স্বাস্থ্য কেন্দ্র তৈরি করা হবে। এর ফলে বড় বড় সরকারি হাসপাতাল ও সুপার স্পেশালিটি হাসপাতালে রোগীর চাপ কমবে।

( বাইট- ফিরহাদ )

\*\*\*\*\*

জাতীয় পরিবেশ আদালতের নির্দেশের উপরে কলকাতা হাইকোর্টের স্থগিতাদেশের সময়সীমা পেরিয়ে যাওয়ায় জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ উত্তরবঙ্গের আলিপুরদুয়ারের বক্তা ব্যাস প্রকল্পের মধ্যে থাকা সব হোম স্টে, রিসর্ট সহ ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার নির্দেশ দিয়েছে। এরপরেই আদালতের নির্দেশ মেনে ব্যাস প্রকল্পের তরফে সেখানকার সব ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার নোটিশ জারি করা হয়েছে।

উল্লেখ্য, জাতীয় পরিবেশ আদালত ২০২২ সালে এই নির্দেশ দিলেও কলকাতা হাইকোর্ট গত ৩০শে নভেম্বর পর্যন্ত সেই নির্দেশের উপরে স্থগিতাদেশ জারি করেছিল। এরপরে জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ গত চৌর্থা ডিসেম্বর এখানকার সব ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার নির্দেশ দেয়।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটিই হবে মাসিক এই রেডিও অনুষ্ঠানের ১১৭-তম পর্ব। মানুষ টোল ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০-তে তাদের মতামত ও চিন্তাভাবনা জানাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা মাই গভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনে তা এমাসের ২৭ তারিখ পর্যন্ত জানানো যাবে।

আকাশবাণী ও দূরদর্শনের সম্পূর্ণ নেটওয়ার্ক, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে। পাশাপাশি এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শোনা যাবে মন কি বাত। হিন্দীতে সম্প্রচারের অব্যবহিত পরেই আঞ্চলিক ভাষায় অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে।

\*\*\*\*\*

বিভিন্ন স্তরে শূন্যপদে সহকারি শিক্ষক নিয়োগের জন্যে আজ রাজ্য মাদ্রাসা সার্ভিস কমিশন ফলাফল প্রকাশ করবে। সন্ধ্যা ৬টা থেকে কমিশনের অফিসিয়াল ওয়েবসাইট [www.wbmsc.com](http://www.wbmsc.com)-এ গিয়ে ফলাফল জানতে পারবেন।

উল্লেখ্য, সরকারি সাহায্যপ্রাপ্ত মাদ্রাসাগুলিতে প্রাথমিক, উচ্চ প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে এক হাজার ৭২৯টি শূন্য পদে সহকারি শিক্ষক নিয়োগের জন্যে নেওয়া পরীক্ষায় এক হাজার ৭৪০ জন উন্নীর্ণ হয়েছেন।

আগামী মাসের দ্বিতীয় সপ্তাহ থেকে তাদের ইন্টারভিউ পর্ব শুরু হবে বলে আজ এক সরকারি বিবৃতিতে জানানো হয়েছে।

\*\*\*\*\*

কোচবিহারের শীতলকুচি হাইকুলের এক শিক্ষকের বিরুদ্ধে, পড়ুয়ার টাকা নিজের আত্মীয়দের অ্যাকাউন্টে ট্রান্সফার করার অভিযোগ উঠেছে। অভিযুক্ত অক্ষের শিক্ষক সৌভিক বর্মণকে ‘শো-কজ’ করা হয়েছে। অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তরেও অভিযোগ জানিয়েছেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক।

এদিকে, জেলার মাথাভাঙ্গায় BSF এক বাংলাদেশীকে আটক করেছে।  
প্রাথমিকভাবে তিনি মানসিক ভারসাম্যহীন বলে মনে করা হচ্ছে। তাঁর 'পরিচয়' ও  
জানা যায়নি। ধৃত যুবককে শারীরিক পরীক্ষার জন্য কোচবিহার মেডিকেল কলেজে  
পাঠানো হয়েছে।

অন্যদিকে, মুর্শিদাবাদের সামশেরগঞ্জের রতনপুরে একটি বেসরকারি স্কুলের  
শিক্ষককে কুপিয়ে খুনের চেষ্টার অভিযোগে চাপ্টল্য ছড়িয়েছে। সফিকুল ইসলাম নামে  
ওই শিক্ষক গুরুতর আহত অবস্থায় বহরমপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে  
চিকিৎসাধীন।

\*\*\*\*\*

RG Kar-এর ঘটনার প্রতিবাদে দু' মাস পরে আবারো ধর্মতলার ডোরিনা ক্রসিং-এ  
চিকিৎসকরা অবস্থান বিক্ষোভ শুরু করেছেন। 'ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট প্লাটফর্ম অফ  
ডট্র্স' এবং 'অভয়া মঞ্চ'-এর উদ্যগে আয়োজিত এই অবস্থান চলবে ২৬ ডিসেম্বর  
পর্যন্ত। ৭ দিনের এই কর্মসূচীর জন্যে কলকাতা হাইকোর্ট কিছু নিয়ম ও শর্ত নির্দিষ্ট  
করে দিয়েছে।

SUCI কমিউনিস্ট, RG কর কাণ্ডে 'অভয়া' র ন্যায় বিচার এবং কেন্দ্র ও রাজ্য  
সরকারের বিভিন্ন নীতির বিরুদ্ধে রাজ্যব্যাপী আন্দোলনে নামার সিদ্ধান্ত নিয়েছে।  
কলকাতায় গতকাল দলের রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য সাংবাদিকদের  
বলেন, এই আন্দোলন কর্মসূচির অঙ্গ হিসেবে আগামী ২১ জানুয়ারি কলকাতায় এক  
মহামিছিলের ডাক দেওয়া হয়েছে।

এদিকে, RG Kar মামলায় হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা  
থানার তৎকালীন ওসি অভিজিৎ মণ্ডল জামিন পাওয়ায় হতাশ আন্দোলনকারী  
শিলিগুড়ির 'নাইট ফর আওয়ার্স' সংগঠন ও শিলিগুড়ি 'সিটিজেন ফর জাস্টিস'।  
CBI-এর ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে গতকাল তারা শিলিগুড়ির সিবিআই দপ্তরের সামনে  
বিক্ষোভ দেখান।

\*\*\*\*\*

বর্ধমানের বিশেষ আদালতের অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক অনন চট্টোপাধ্যায়, স্ত্রীকে গলা টিপে শ্বাসরোধ করে খুনের দায়ে স্বামীকে গতকাল যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেন। সাজাপ্রাপ্তকে ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও পাঁচ মাস কারাবাসের নির্দেশ দিয়েছে আদালত।

১১ জনকে সাক্ষীর সাক্ষ্যের ভিত্তিতে বিচারক এই নির্দেশ দেন। সাজাপ্রাপ্তের নাম গদাই লোহার। ভাতার থানার বসতপুরে তার বাড়ি।

\*\*\*\*\*

কলকাতা সহ রাজ্যের ১০ জেলায় আজ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দণ্ড।

কলকাতা ছাড়াও, হাওড়া, ভুগলী, দুই ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রামে হাঙ্কা বৃষ্টি হতে পারে। একইসঙ্গে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ঘন কুয়াশার হলুদ সতর্কতা জারি করা হয়েছে। দৃশ্যমানতা নেমে যেতে পারে ৫০ মিটারে।

উত্তরবঙ্গের কয়েকটি জায়গাতেও হাঙ্কা বৃষ্টির স্ফোরণ। সেই সঙ্গে দার্জিলিং কালিম্পং-এও তুষারপাত হতে পারে।

কলকাতা ও সংলগ্ন এলাকায় গতরাত থেকেই শুরু হয়েছে হাঙ্কা বৃষ্টি। তবে বৃষ্টিতে তাপমাত্রা কিছুটা বেড়েছে। আগামী কয়েকদিন রাজ্যের সর্বোচ্চ তাপমাত্রা ২ থেকে ৪'ডিগ্রি বৃদ্ধি পাবে বলে আবহাওয়া দণ্ডের প্রধান সোমনাথ দণ্ড জানিয়েছেন। রাতের তাপমাত্রার'ও ফেরফের হওয়ার কোনো স্ফোরণ নেই। বড়দিনের পর আবার শীতের আমেজ অনুভূত হতে পারে বলে আশা করা হচ্ছে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে-১৯ দশমিক ২'ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা চার দশমিক এক ডিগ্রি বেশী। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি, স্বাভাবিকের তুলনায় যা শূণ্য দশমিক ৯'ডিগ্রি বেশী।

\*\*\*\*\*

পূর্ব রেলের হাওড়া স্টেশনের কাছে বেনারস রোড ওভার ব্রীজ নির্মাণের কাজ চলার জন্য ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। আজ থেকে ২২ শে জানুয়ারি পর্যন্ত হাওড়া

থেকে ব্যান্ডেল, শেওরাফুলি, বেলুরমঠ, শ্রীরামপুরের মধ্যে চলাচলকারী বেশ কিছু EMU লোকাল বাতিল থাকবে।

আপ হাওড়া-বর্ধমান মেমু স্পেশাল ২৩ থেকে ২৮ শে ডিসেম্বর পর্যন্ত কর্ড লাইন হয়ে চলবে। ডাউন দেরাদুন-হাওড়া কুন্ত, দেরাদুন-হাওড়া উপাসনা এক্সপ্রেস, ডাউন আজিমগঞ্জ-হাওড়া প্যাসেঞ্জার স্পেশাল সহ বেশ কিছু এক্সপ্রেস ও মেইল ট্রেনের যাত্রা নিয়ন্ত্রণ করা হবে।

২৯ শে ডিসেম্বর থেকে পয়লা ফেব্রুয়ারি পর্যন্ত ০৩০৫১ আপ হাওড়া-বর্ধমান মেমু স্পেশাল, পরিবর্তিত সময়ে চলবে।

\*\*\*\*\*

মেট্রোরেল আগামী সোমবার ২৩ শে ডিসেম্বর থেকে কবি সুভাষ দক্ষিণেশ্বর রুটে দমদম এর পরিবর্তে পরীক্ষামূলকভাবে দক্ষিণেশ্বর থেকে বেশিরভাগ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এর ফলে যাত্রীদের আরো সুবিধা হবে বলে মেট্রোর তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

এই রুটে সারাদিন সাত মিনিট-এর ব্যবধানে ট্রেন পাওয়া যাবে বলে মেট্রো সুত্রে জানা গেছে।

\*\*\*\*\*

বাংলা আজ বিজয় হাজারে ট্রফি একদিনের ক্রিকেট টুর্নামেন্টে তাদের প্রথম ম্যাচে দিল্লির মুখোমুখি হবে। হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু সকাল ৯ টায়। গ্রুপ ই-তে বাংলার সঙ্গে দিল্লি ছাড়া রয়েছে বিহার, বরোদা, কেরালা, মধ্যপ্রদেশ, ত্রিপুরা।

\*\*\*\*\*

সল্টলেকের যুবভারতী ক্রীড়াসন্নে আজ আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল, জামশেদপুর এফসি-র মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

ইস্টবেঙ্গল ১১ ম্যাচে ১০ পয়েন্ট সংগ্রহ করে লিগতালিকায় একাদশ স্থানে রয়েছে।  
জামশেদপুর ১০ ম্যাচে ১৮ পয়েন্ট সংগ্রহ করে ষষ্ঠ স্থানে রয়েছে।

অন্যদিকে, গতকালের আইএসএল-এ এফ সি গোয়া ২-১ গোলে মোহনবাগান সুপারজায়ান্টকে হারিয়ে দিয়েছে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে ওই ম্যাচে বিজয়ী দলের হয়ে ব্রিসন ডুবেন ফার্নানডেজ দুটি গোল করেন। মোহনবাগানের হয়ে গোল করেছেন দিমিত্রি পেত্রাতোস।

এই ম্যাচে পরাজয়ের পরও মোহনবাগান ১২ ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষেই রইলো। সমসংখ্যক ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে গোয়া রয়েছে তৃতীয় স্থানে।

\*\*\*\*\*

রাজ্য সরকার, অসুস্থ প্রবীন সংগীত শিল্পী সুপ্রকাশ চাকির চিকিৎসায় সব ধরনের সহযোগিতা করবে বলে জানিয়েছে।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন গতকাল দক্ষিণ শহরতলিতে শিল্পীর বাড়িতে গিয়ে তাঁর সঙ্গে দেখা করে তাঁর হাতে এক লক্ষ টাকার চেক তুলে দেন।

\*\*\*\*\*